

## অর্থনীতি

# ডেসটিনি ও যুবকের গ্রাহকেরা ৫০-৬০% টাকা ফেরত পেতে পারেন

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি প্রথম আলো ফাইল ছবি

ডেসটিনি ও যুবকের প্রতারিত গ্রাহকেরা অন্তত ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত পেতে পারেন বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি।

আজ রোববার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন আয়োজিত 'প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের ভূমিকা' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন।

By using this site, you agree to our Privacy Policy. OK

কমিশনের চেয়ারপারসন মো. মফিজুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য দেন সংস্থাটির তিন সদস্য জি এম সালেহ উদ্দিন, এ এফ এম মনজুর কাদির ও নাসরিন বেগম এবং আইন পরামর্শক মাফরুহা মারফি।

### বিজ্ঞাপন

বাণিজ্যমন্ত্রী বলেন, ডেসটিনি ও যুবকের অনেক সম্পদ রয়েছে। সম্পদগুলোর দামও বেড়েছে অনেক। ন্যায্যমূল্যে বিক্রি করলেও যে টাকা পাওয়া যাবে তা দিয়ে গ্রাহকদের ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত দেওয়া যাবে।

বাণিজ্যমন্ত্রী এ ব্যাপারে আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে কথা বলেছেন বলে সাংবাদিকদের জানান। বলেন, 'আইনমন্ত্রী আমাকে বললেন এটা আদালতের বিষয়। কাউকে (কোনো সংস্থা) দিয়ে সংযুক্ত করে ক্ষতিপূরণ দেওয়া যেতে পারে। আইন মন্ত্রণালয় এটা নিয়ে কাজ করছে।'

বাণিজ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গ্রাহকদের অন্তত সাত হাজার কোটি টাকা আটকে রেখেছে ডেসটিনি ও যুবকের মালিকপক্ষ।

ই-কমার্স খাত নিয়ে বাণিজ্যমন্ত্রী বলেন, 'খাতটি এগিয়ে যাচ্ছে। কয়েকটি প্রতিষ্ঠানের জন্য অন্তত ৩০ হাজার প্রতিষ্ঠানকে আমরা বিপদে ফেলতে পারি না।'

দুই বছর আগে এক লাখ টাকায় অনলাইনে কোরবানির গরুর ক্রয় আদেশ দিয়ে তিক্ত অভিজ্ঞতার সম্মুখীন হয়েছিলেন বলে গল্প করেন টিপু মুনশি। বলেন, 'গরু কিনতে টাকা দিলাম এক লাখ। কিন্তু পরে শুনলাম এটা অন্যের কাছে বিক্রি হয়ে গেছে।

ভাবলাম, আমার সঙ্গেই এমন হচ্ছে! পরে আরেকটা গরু দেখাল যার দাম ৮৭ হাজার টাকা। বাকি টাকায় একটা খাসিও দিল।' এমন অবস্থা এখন আর নেই বলেও সন্তোষ প্রকাশ করেন তিনি।

ডেসটিনি ও যুবকের গ্রাহকদের বিষয়ে বাণিজ্যমন্ত্রীর বক্তব্য আজ বিকেল ৩টা ৩৫ মিনিটে মুঠোফোনে আইনমন্ত্রী আনিসুল হককে জানালে তিনি পাল্টা প্রশ্নে বলেন, 'ডেসটিনি ও যুবকের গ্রাহকদের নিয়ে কোথায় কাজ করছে আইন মন্ত্রণালয়।' আজ একটা কর্মশালায় বাণিজ্যমন্ত্রী বলেছেন-এ তথ্য আবার জানালে আইনমন্ত্রী বলেন, 'আমি বাণিজ্যমন্ত্রীর সঙ্গে কথা বলব।'



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২১ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy. OK